

জেলা

শাহজালাল বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী বিজ্ঞান ও প্রযুক্তি উৎসব

প্রতিনিধি শাহজালাল বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ১১ জুন ২০২৫, ২২: ৫৩

দুই দিনব্যাপী বিজ্ঞান ও প্রযুক্তি উৎসব শুরু হয়েছে। শুক্রবার দুপুরে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে। ছবি: প্রথম আলো।

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) দুই দিনব্যাপী আন্তর্বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ও প্রযুক্তি উৎসব শুরু হয়েছে। শুক্রবার বেলা সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে উৎসবের উদ্বোধনী পর্ব অনুষ্ঠিত হয়।

এর আগে শিক্ষা ভবন 'এ'-তে গণিত অলিম্পিয়াডের মাধ্যমে উৎসবের কার্যক্রম শুরু হয়। এ উৎসবের আয়োজন করেছে শাবিপ্রবির বিজ্ঞানভিত্তিক সংগঠন 'সাস্ট সায়েন্স অ্যারেনা'।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ এম সরওয়ারউদ্দিন চৌধুরী বলেন, বিজ্ঞান চেতনা বিকশিত হওয়া মানে ভালোভাবে জীবনকে উপলক্ষ্মি করা। শিক্ষার্থীরা এই অলিম্পিয়াড ও আইডিয়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে নতুন নতুন অভিজ্ঞতা অর্জন করবে। এসব প্রতিযোগিতা শিক্ষার্থীদের আন্তর্জাতিকভাবে যোগ্য করে গড়ে তুলবে। তাঁদের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সুনাম সারা বিশ্বে ছড়িয়ে পড়বে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মো. ইসমাইল হোসেন, পরিসংখ্যান বিভাগের প্রভাষক সাদেকুল ইসলাম, পুর ও পরিবেশ প্রকৌশল বিভাগের প্রভাষক নাজমুল ইসলাম প্রমুখ।

উৎসবের আয়োজকেরা জানান, উৎসবের প্রথম দিন গতকাল অনুষ্ঠিত হয়েছে গণিত অলিম্পিয়াড, ফিজিক্স অলিম্পিয়াড, কেমিস্ট্রি অলিম্পিয়াড, তিন মিনিট আইডিয়া প্রেজেন্টেশন, কুইজ প্রতিযোগিতা ও সায়েন্স স্কোয়াড গেম। আজ শনিবার উৎসবে থাকছে লাইফ সায়েন্স অলিম্পিয়াড, পোস্টার প্রেজেন্টেশন ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতাসহ নানা আয়োজন।

এ বিষয়ে জানতে চাইলে সাস্ট সায়েন্স অ্যারেনার সভাপতি সিরাজুল হক আবির বলেন, ‘দেশের ১৪টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এ উৎসবে অংশগ্রহণ করেছেন। আমাদের এই উৎসবের মূল বার্তা হচ্ছে বিজ্ঞান চর্চাকে সব জায়গায় ছড়িয়ে দেওয়া।’

আইডিয়া প্রতিযোগিতায় নিজের প্রজেক্ট নিয়ে প্রথমবারের মতো অংশ নিয়েছেন শিক্ষার্থী রাফসান রহমান। তিনি বলেন, ‘প্রথমবারের মতো একটি জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের অংশগ্রহণ করে ভালো লাগছে। নতুন অভিজ্ঞতা অর্জন করছি। নতুন নতুন উদ্ভাবনের আইডিয়া সম্পর্কে জানার সুযোগ হচ্ছে।’